

বিজিবি'র অভিযানে গত এপ্রিল মাসে ১৮৫ কোটি ৩০ লক্ষাধিক টাকার

চোরাচালান ও মাদকদ্রব্য জব্দ

বর্ডার গার্ড বাংলাদেশ (বিজিবি) গত এপ্রিল মাসে দেশের সীমান্ত এলাকাসহ অন্যান্য স্থানে অভিযান চালিয়ে সর্বমোট ১৮৫ কোটি ৩০ লক্ষ ১৬ হাজার টাকা মূল্যের বিভিন্ন প্রকারের চোরাচালান ও মাদক দ্রব্য আটক করতে সক্ষম হয়েছে। আটককৃত মাদকের মধ্যে রয়েছে ৪১,০০,৮৩৬ পিস ইয়াবা ট্যাবলেট, ২৭,৫০২ বোতল ফেন্সিডিল, ৯৮৫ কেজি গাঁজা, ১৭,৫৮৭ বোতল বিদেশী মদ, ৪ কেজি ১১৩ গ্রাম হেরোইন, ২,৫৯৬টি নেশাজাতীয় ইনজেকশন এবং ১৬,৭৫,৮৭৮ পিস বিভিন্ন প্রকারের অবৈধ ট্যাবলেট। এছাড়া আটককৃত অন্যান্য চোরাচালান দ্রব্যের মধ্যে রয়েছে ২২,৬৯৭টি শাড়ি, ৯,১০৫টি থ্রিপিস/শার্টপিস, ৫,১৯৬ মিটার খান কাপড়, ৩,৮১৩টি তৈরী পোশাক, ১০,১৮৪ সিএফটি কার্ট, ৭ কেজি ৫৫১ গ্রাম স্বর্ণ এবং ২টি তক্ষক। এপ্রিল মাসে বিজিবি'র অভিযানে উদ্ধারকৃত অস্ত্রের মধ্যে রয়েছে ০২টি পিস্তল, ০৩টি বন্দুক, ০৭ রাউন্ড গুলি, ৫০টি এয়ার গান এবং ০১টি সাউন্ড গ্রেনেড। গত মাসে বিজিবি'র অভিযানে মাদক পাচারসহ অন্যান্য চোরাচালানে জড়িত থাকার অভিযোগে ১৩৫ জন এবং অবৈধভাবে সীমান্ত অতিক্রমের দায়ে ৭৬ জন বাংলাদেশী নাগরিককে আটক করে থানায় সোপর্দ করা হয়েছে। এছাড়া ভারত হতে বাংলাদেশে অবৈধভাবে সীমান্ত অতিক্রমের দায়ে ১৬ জন ভারতীয় নাগরিককে আটকপূর্বক ১৪ জনকে বিএসএফ এর নিকট হস্তান্তর ও ২ জনকে থানায় সোপর্দ এবং বাংলাদেশ-মায়ানমার সীমান্তে ১৯৪ জন মায়ানমার নাগরিকের অবৈধ অনুপ্রবেশ প্রতিহত করা হয়েছে।

উল্লেখ্য, চলতি বছরের জানুয়ারি হতে এপ্রিল মাস পর্যন্ত বিজিবি ৫১৪ কোটি ৬১ লক্ষ ৯০ হাজার টাকা মূল্যের বিভিন্ন প্রকারের চোরাচালান ও মাদক দ্রব্য আটক করতে সক্ষম হয়েছে।